ফেডারেল নির্বাচনের গাইড

It's Our Vote

ভোট প্রদানের সরকারী তথ্যের জন্য elections.ca – তে যান

1-800-463-6868 / elections.ca/ TTY 1-800-361-8935

Elections Canada

ভোটারের চেকলিস্ট

নিশ্চিত করুন যে আপনি আপনার বর্তমান **ঠিকানায়** নিবন্ধভুক্ত আছেন

ডাকে আপনার **ভোটার তথ্য কার্ডের** জন্য লক্ষ্য রাখুন

ভোট দেয়ার জন্য একটি পরিকল্পনা করুন

আপনার এলাকার **প্রার্থীগণ কারা** তা খুঁজে বের করুন

আপনি যখন ভোট দিতে যাবেন তখন **সনাক্তকারী কার্ড নিয়ে আসবেন**

নির্বচনের দিনে আপনার নির্ধারিত ভোট কেন্দ্রে

আগাম নির্বচনের দিনসমূহে আপনার নির্ধারিত ভোট কেন্দ্রে

কানাডাব্যাপী যে কোন **ইলেকশান্স কানাডা অফিসে** (সময়সীমা প্রযোজ্য)

ডাক যোগে: আরও জানতে হলে **elections.ca** -তে যান (সময়সীমা প্রযোজ্য)

এই ইস্তাহার **elections.ca**.-তে বিভিন্ন ভাষায় প্রাপ্য. অন্যান্য ফরম্যাট, যথা ব্রেইল, বড় অক্ষর এবং ডেইজী (DAISY)-র জন্য, আমাদের ফোন করুন.

এই বছর একটি ফেডারেল নির্বাচন আছে

নিশ্চিত করুন যে ভোটার তথ্য কার্ড পাওয়ার জন্য আপনি নিবন্ধভুক্ত

আপনি যদি নিবন্ধভুক্ত থাকেন, নির্বাচন ডাকার পর ডাকযোগে আপনি একটি ভোটার তথ্য কার্ড পাবেন. এটা আপনাকে বলে দেবে আপনি কোথায় এবং কখন আপনার ভোট দিতে পারবেন. ভোটের প্রক্রিয়া সহজতর করার জন্য আপনি যখন ভোট দিতে যাবেন, এই কার্ড এবং গ্রহণযোগ্য সনাক্তকারী কার্ড নিয়ে আসবেন.

আপনি যদি কার্ড না পেয়ে থাকেন, অথবা সেটাতে তথ্য যদি ভুল থেকে থাকে, আপনি নিবন্ধভুক্ত নাও হতে পারেন অথবা আপনার ভোটার তথ্য হালনাগাদ নাও থাকতে পারে. আপনার নিবন্ধভুক্তি নিরীক্ষা এবং হালনাগাদ করার জন্য **elections.ca**-তে যান অথবা আমাদেরকে **1-800-463-6868**-এ ফোন করুন. আপনি যখন ভোট দিতে যাবেন তখনও নিবন্ধভুক্তি করতে পারেন.

ফেডারেল নির্বাচনে নিবন্ধভুক্ত হতে এবং ভোট দিতে আপনাকে অবশ্যই:

- কানাডীয় নাগরিক হতে হবে
- ভোটের দিনে কমপক্ষে ১৮ বৎসর বয়েসের হতে হবে
- আপনার সনাক্তি এবং ঠিকানা প্রমাণ করতে হবে

ভোট প্রদানের উপায়সমূহ

নির্বাচন সময়কালে আপনি প্রায় যে কোন সময় ভোট দিতে পারেন.
যে বিকল্প আপনার জন্য সবচাইতে সুবিধাজনক সেটা বেছে নিন .

1 নির্বাচনের দিনে

আপনার নির্ধারিত ভোট কেন্দ্র˜ ঘন্টা খোলা থাকবে (প্রদেশ অনুযায়ী ঘন্টাসমূহের তারতম্য হবে).

2 আগাম নির্বচনের দিনসমূহে

নির্বাচন দিনের আগের সপ্তাহের শুক্রবার, শনিবার, রব্বার এবং সমবার সকাল ৯:০০ ঘটিকা হতে রাত ৯:০০ ঘটিকা পর্যন্ত আপনার নির্ধারিত ভোট কেন্দ্র খোলা থাকবে ।

নির্বাচনের দিন, স্থান এবং সময়সমূহের জন্য আপনার **ভোটার তথ্য কার্ড** নিরীক্ষা করে দেখুন ।.

3 কানাডাব্যপি যে কোন ইলেকসান্স কানাডা অফিসে

নির্বাচনের দিনের আগের মঙ্গলবারের পূর্বে বিকেল. ˜:˜ ঘটিকায় যে কোন ইলেকসান্স কানাডা অফিসে যান. বিশেষ ব্যালট প্রক্রিয়া ব্যবহার করে আপনি ভোট দেবেন. নির্বাচন ডাকার পর আপনার নিকস্থ অফিসের সন্ধানে **elections.ca**–তে যান অথবা আমাদের ফোন করুন.

4 ডাকযোগে

আরও জানতে হলে **elections.ca**–তে যান অথবা আমাদের ফোন করুন. নির্দিষ্ট সময়সীমা প্রযোজ্য.

ভোট প্রদানের জন্য আপনার সনাক্তকরী পরিচয়সমূহ

আপনার সনাক্তকরণ এবং ঠিকানা প্রমাণের জন্য আপনার তিনটি উপায় আছে.

বিকল্প 1



নিম্নের সনাক্তকরণের যেকোন একটি প্রদর্শণ করুন:

- আপনার ড্রাইভার লাইসেন্স,
- আপনার ছবি, নাম এবং বর্তমান ঠিকানাসহ কানাডীয় সরকার (ফেডারেল, প্রাদেশিক/আঞ্চলিক বা স্থানিয়) দ্বারা প্রদত্ত যে কোন অন্য কার্ড

অথবা

বিকল্প 2

\+

দুইটি সনাক্তকরী পরিচয়সমুহ প্রদর্শণ করুন

উভয়তে আপনার নাম থাকতে হবে এবং অন্ততঃ একটিতে আপনার বর্তমান ঠিকানা থাকতে হবে

উদাহরণ স্বরুপ:

- ভোটার তথ্য কার্ড এবং ব্যাংক স্টেটমেন্ট
- ইউটিলিটি বিল এবং ছাত্র/ছাত্রি সনাক্তকরণ কার্ড

এগুলো নেই? কোন সমস্যা নেই!

অন্যান্য গ্রহণযোগ্য সনাক্তকরণ (আই ডি) রয়েছে ।

elections.ca-তে সম্পূর্ণ তালিকা দেখুন.

অথবা

বিকল্প 3

\+

যদি আপনার সনাক্তকরণ পরিচয়পত্র না থাকে

আপনি ভোট তবুও দিতে পারবেন যদি আপনি লিখিত ভাবে আপনার পরিচয় এবং ঠিকানা প্রত্যায়ন করেন এবং এমন কেউ আপনার জন্য সাক্ষী হন যিনি আপনাকে চেনেন এবং আপনার ভোট কেন্দ্রে নির্ধারিত আছেন।

যিনি আপনাকে প্রত্যায়ন করছেন, তার নিজের সনাক্তকরণ এবং ঠিকানা প্রমাণ করতে পারতে হবে। একজন ব্যাক্তি শুধুমাত্র এক জন ব্যক্তির জন্য প্রত্যায়ন করতে পারবেন (দীর্ঘকালীন সেবাসংস্থা-এ ব্যাতিত)

অভিগম্যতা

নির্বাচনের দিন এবং আগাম ভোটপ্রদানের দিনসমূহের জন্য সকল ভোটদাতৃগণকে ভোটদানের স্থানসমূহে নির্দিষ্ট করা হবে. নির্বাচন ডাকার পর এভাবে এটা নিশ্চিত করুন যে আপনার নির্ধোরিত ভোটদান কেন্দ্রসমূহ আপনার অভিগম্যতার প্রয়োজনীয়তা সন্তুষ্ট করে:

- আপনার ভোটার তথ্য কার্ড যাচাই করে;
- **elections.ca**-তে ভোটার ইনফরমেশান সার্ভিস (Voter Information Service) ঘরে আপনার পোস্টাল কোড দিয়ে; অথবা
- আমাদেরকে **1-800-463-6868** অথবা **1-800-361-8935(TTY)**-এ ফোন করে .

আপনার নির্ধারিত ভোটদান কেন্দ্রসমূহের অভিগম্যতার ব্যাপারে যদি আপনার উদ্বেগ থেকে থাকে, আমাদের ফোন করুল .

ভাষা এবং প্রতীক ভাষা ব্যাখ্যা সহ আগাম ভোটদান সহায়তা অনুরোধ করতে নির্বাচনের দিনের আগের মঙ্গলবারে বিকেল ৬:০০ ঘটিকার পূর্বে আপনার এলাকার ইলেকসান্স কানাডা (Elections Canada) অফিসে ফোন করুন ।

নির্বাচনী দিনে ভোটদান সহায়তা সরঞ্জাম ও সেবাসমূহ:

বড় অক্ষরে প্রার্থীর নামসহ **বড় ব্যালট কাগজ**

বিবর্ধনযন্ত্র (4x)

প্রার্থীদের **বড় অক্ষরে** এবং **ব্রেইল (Braille)-এ তালিকাসমূহ**

মোটা পেন্সিল

স্পৃশ্য এবং ব্রেইল (Braille) ভোটদান টেমপ্লেট

আপনার ব্যালট কাগজে দাগ দেয়াতে সহায়তা

It's Our Vote